

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় অধিশাখা
www.plandiv.gov.bd


নং- ২০.০০.০০০০.৩৩২.০৪.০০২.১৩-৫২৩

তারিখঃ ১৩ পৌষ, ১৪২৩ বঙ্গাব্দ
২৭ ডিসেম্বর, ২০১৬ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ২০ ডিসেম্বর, ২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পরিকল্পনা বিভাগের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

২০ ডিসেম্বর, ২০১৬ খ্রিঃ তারিখে পরিকল্পনা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে তাঁর কক্ষ (ব্লক-০৪, কক্ষ নং-০৬) অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ কার্যবিবরণী ০১ পাতা।



(শ্যামল কুমার সিংহ)

যুগ্মসচিব

ফোনঃ ৯১১৭৯১৪

e-mail: dsplandivco@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, নীলক্ষেত্র, ঢাকা।
৩. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, ই-১৭, আগারগাঁও, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৫. প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।
৬. যুগ্মসচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৭. উপ সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর ঢাকা।
৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পরিকল্পনা বিভাগ, ঢাকা (সভার কার্যবিবরণী Website এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৪. সদস্য মহোদয়ের একান্ত সচিব (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় অধিশাখা
www.plandiv.gov.bd

নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভার তারিখ ও সময়ঃ ২০ ডিসেম্বর, ২০১৬ দুপুর ১২:৩০ ঘটিকা
স্থানঃ সচিব মহোদয়ের দপ্তর (রুক-০৪, কক্ষ-০৬)
সভাপতিঃ জনাব তারিক-উল-ইসলাম
সচিব, পরিকল্পনা বিভাগ।

- ১.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-ক।
২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে যুগ্মসচিব (সমন্বয়) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৬-২০১৭ এর পরিকল্পনা বিভাগের ২য় ত্রৈমাসিক বাস্তবায়ন (অক্টোবর ২০১৬ হতে ডিসেম্বর ২০১৬) পরিবীক্ষণ প্রতিবেদন সভায় উপস্থাপন করেন এবং উক্ত পরিবীক্ষণ প্রতিবেদন অনুমোদিত হয়। নৈতিকতা কমিটির সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১. জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ে আলোচনা করা হয়।	জাতীয় শুদ্ধাচার পুরস্কার কোন বিষয়ের ওপর দেওয়া হবে তা মন্ত্রিপরিষদ বিভাগ থেকে বিস্তারিত জানার সিদ্ধান্ত গৃহীত হয়।	যুগ্মসচিব (সমন্বয়), পরিকল্পনা বিভাগ
২. সভায় ডিডিও কনফারেন্সিং সিস্টেম চালুকরণ বিষয়ে আলোচনা করা হয়। NAPD -র পরিচালক (প্রশাসন ও অর্থ) এ বিষয়ে বলেন যে, NAPD তে ডিডিও কনফারেন্সিং সিস্টেম চালু রয়েছে। সেখানে মাননীয় পরিকল্পনা মন্ত্রী ডিডিও কনফারেন্স করতে পারেন।	মাননীয় পরিকল্পনা মন্ত্রী সদয় সম্মতিক্রমে পরিকল্পনা বিভাগের সাথে NAPD তে ডিডিও কনফারেন্সের সিদ্ধান্ত গৃহীত হয়।	জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, এবং আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ
৩. অনলাইন সেবা প্রদান বিষয়ে আলোচনা করা হয়। যুগ্মসচিব (সমন্বয়) বলেন যে, পরিকল্পনা বিভাগে অনলাইন সেবা চালু রয়েছে।	পরিকল্পনা বিভাগের কর্মকর্তা/কর্মচারী নিয়োগ প্রক্রিয়া অনলাইনে চালুকরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	যুগ্মসচিব (প্রশাসন) এবং আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ
৪. ইনোভেশন টিম কর্তৃক উদ্ভাবিত ধারণা বিষয়ে আলোচনা করা হয়। NAPD-র পরিচালক (প্রশাসন ও অর্থ) ক্যাম্পাস display চালুকরণ বিষয়টি উপস্থাপন করেন।	পরিকল্পনা বিভাগ/কমিশনে যারা বিদেশ ভ্রমণে রয়েছেন তার একটি display মাননীয় পরিকল্পনা মন্ত্রী, সচিব মহোদয়ের দপ্তর এবং গুরুত্বপূর্ণ স্থানে স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	যুগ্মসচিব (পিটি) এবং আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ
৫. জাতীয় শুদ্ধাচার প্রশিক্ষণ বিষয়ে আলোচনা করা হয়।	পরিকল্পনা বিভাগ/কমিশনের যেকোন প্রশিক্ষণে জাতীয় শুদ্ধাচার বিষয়ে ১ঘণ্টার প্রশিক্ষণ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	যুগ্মসচিব (পিটি) পরিকল্পনা বিভাগ



(তারিক-উল-ইসলাম)

সচিব

ও

সভাপতি

নৈতিকতা কমিটি

পরিকল্পনা বিভাগ।